# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

## কোম্পানি সচিবালয়

## বোর্ড উপবিভাগ

## বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : এপ্রিল, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ৩০ এপ্রিল, ২০২৪ দুপুর ২.৩০ মিনিট

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ নিয়ে ১টি প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে। 5 Wells এর DPP পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-১ এবং সুনেত্র-২ কূপ খনন প্রকল্পের বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, ব্যয় প্রাক্কলন প্রতিবেদন পাওয়া গেলে Feasibility Study এর জন্য IFIC বরাবর প্রেরণ করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আগামী বুধবার অর্থাৎ ০৮/০৫/২৪ এর মধ্যে ব্যয় প্রাক্কলন প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশনা প্রদান করেন।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে পরিকল্পনা কমিশনে বাপেক্স কর্তৃক প্রস্তাবিত একটি প্রকল্পের উপর অনুষ্ঠিত পিইসি সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়ে জানান যে, এখন থেকে প্রকল্পের আওতায় অস্থায়ী শ্রমিক খাতে কোন বরাদ্দ না রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং স্থায়ী কর্মকর্তা কর্মচারীদের TA/ DA দেওয়ার বিধান না থাকায় এ বিষয়টি প্রকল্পে না রাখার নির্দেশ দেন। লিগ্যাল ব্যয় সংক্রান্ত বিষয়ও DPP-তে রাখা যাবেনা বলে তিনি সভাকে অবহিত করেন। | (ক) বেগমগঞ্জ-৫, ৬, সুনেত্র-২ খনন প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) 5 Wells এর DPP দ্রুত অনুমোদনের লক্ষ্যে পেট্রোবাংলা, মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(গ) প্রস্তাবিত প্রকল্পের আওতায় অস্থায়ী শ্রমিক খাতের ব্যয়, TA/DA এবং আইনি বিষয় সংক্রান্ত ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয় করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সকল মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (আইসিটি) জানান যে রিগ শিডিউল চূড়ান্ত করা হয়েছে এবং শীঘ্রই এটি পেট্রোবাংলায় প্রেরণ করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলায় রিগ শিডিউলের কপি প্রেরণ এবং আগামী ২০২৬ হতে ২০২৮ সালের মধ্যে ৩১টি Workover শিডিউল নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল) এবং মহাব্যবস্থাপক (প্লানিং ও আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) আগামী ২০২৬ থেকে ২০২৮ সালের মধ্যে ৩১টি ওয়ার্কওভার শিডিউল নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল) এবং মহাব্যবস্থাপক (প্লানিং ও আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | মহাব্যবস্থাপক (খনন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক প্রকৌ. শাহ মোঃ সিরাজুস সালেকিন DPPটি বর্তমানে পরিকল্পনা কমিশনে আছে বলে সভাকে অবহিত করেন। PEC সভার সিদ্ধান্ত অনুযায়ীই জবাব প্রেরণ করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ক) ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা ও মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ১৯৩০ বর্গ কিলোমিটার ৩ডি সাইসমিক সার্ভে প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং TOR আগামী সপ্তাহে পাওয়া যাবে এবং পরবর্তীতে এগুলো DPP তে অন্তর্ভুক্ত করা হবে।<br>উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, Physical Study এর কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে এটিও DPP তে অন্তর্ভুক্ত করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে বোর্ডে উপস্থাপনের জন্য কার্যপত্র প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | ক) চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে বোর্ডে উপস্থাপনের জন্য কার্যপত্র প্রস্তুত করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। উপমহাব্যবস্থাপক, ডাটা প্রসেসিং উপবিভাগ, ভূপদার্থিক বিভাগ |
| ৫ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করে প্রতিবেদন তৈরি করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অকেজো মালামাল Condemn ঘোষণা কমিটির সকল সদস্যকে প্রতিবেদনে স্বাক্ষর করার নির্দেশনা প্রদান করেন। | ক) অকেজো মালামাল Condemn ঘোষণা কমিটির সকল সদস্যকে প্রতিবেদনে স্বাক্ষর করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, অকেজো ঘোষণা কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (তড়িৎকৌশল) ও সদস্য-সচিব, অকেজো ঘোষণা কমিটি |
| ৬ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) প্রকৌশলী মোহাম্মদ শাহজাহান জানান যে, 2000 HP রিগ এর Specifications-সহ Tender ডকুমেন্টস এবং IFT পরিচালনা পর্ষদের ৪৭৮তম সভায় অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য DPP অর্থমন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আগামী ০৫ (পাচঁ) দিনের মধ্যে কোন Query আসলে সেগুলো একটি ফাইল করে সকল টেন্ডার ক্রয়কারীকে সরবরাহ করার নির্দেশনা দেন । | ক) প্রকল্পের দরপত্র আহবান ত্বরান্বিত করতে হবে।<br>খ) আগামী ০৫ (পাচঁ) দিনের মধ্যে কোন Query আসলে সেগুলো একটি ফাইল করে সকল টেন্ডার ক্রয়কারীকে সরবরাহ করতে হবে।<br>গ) মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭ | গভীর কূপ খনন প্রকল্প | আলোচনার এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক ড. মোঃ আশিক হোসেন বলেন যে, DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা চূড়ান্ত অনুমোদনের জন্য ECNEC এ উপস্থাপনের অপেক্ষায় আছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গভীর কূপ খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের আগ্রহ রয়েছে বলে সভাকে অবহিত করে অতীব গুরত্বসহকারে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন এবং পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা দেন। | ক) বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>খ) DPP অনুমোদনের জন্য পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৮ | অডিট আপত্তি | উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), ভারপ্রাপ্ত জানান যে, অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত রয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ২৯২টি অডিট আপত্তি এর মধ্যে কতটি নিষ্পত্তি হয়েছে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, নতুন আর কোন নিষ্পত্তি যোগ হয়নি।<br>ব্যবস্থাপনা পরিচালক আরো বলেন যে, কারিগরি বিষয়ের আপত্তিগুলোতে টেকনিক্যাল বিষয় থাকায় সেসব আপত্তিগুলোর জবাব সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রস্তুত করা যুক্তিযুক্ত। তিনি অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির অগ্রগতির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন এবং আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখার জন্য পরামর্শ প্রদান করেন।<br>উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) গাড়ী মেরামত সংক্রান্ত আপত্তি বেড়ে যাচ্ছে বলে মতামত প্রদান করলে ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (প্রকৌশল) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে জানতে চান যে, বর্তমানে কয়টি প্রতিষ্ঠান বাপেক্সের গাড়ী মেরামত করে এবং উক্ত প্রতিষ্ঠানগুলোকে Revise করার সুযোগ আছে কিনা? প্রতিউত্তরে মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বর্তমানে ০৭ টি প্রতিষ্ঠান বাপেক্সের গাড়ী মেরামতের জন্য চুক্তিবদ্ধ যার মেয়াদ আগামী ২০২৫ সাল পর্যন্ত বহাল আছে বিধায় প্রতিষ্ঠানগুলোকে Revise করার সুযোগ নেই। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, অনেক দামী গাড়ী যথাসময়ে মেরামত না হওয়ার কারণে অকেজো হয়ে পড়েছে তাই কিভাবে দ্রুত ও সহজভাবে গাড়ী মেরামত করা যায় সেবিষয়ে আন্তরিকভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। | ক) অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির অগ্রগতির বিষয়ে একটি কার্যপত্র কার্যপত্র প্রস্তুত রাখতে হবে।<br>খ) আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>গ) দ্রুত ও সহজভাবে গাড়ী মেরামত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়নের কাজ মে ২০২৪ মাসের মধ্যে নতুন অর্গানোগ্রাম তৈরি কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | মে ২০২৪ মাসের মধ্যে নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ সম্পন্ন করতে হবে। | আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | APAসংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, এপিএ সংক্রান্ত কার্যক্রমের স্যার্বিক অগ্রগতি এখন পর্যন্ত সন্তোষজনক। বেগমগঞ্জ-৪ কূপ খনন কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করাই একটু চ্যালেঞ্জিং।<br>উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মোঃ মশিউর রহমান জানান যে, 5 Tools এর কিছু বিষয় এপিএতেও থাকায় সেগুলো বাদ দিয়ে এপিএ প্রণয়ন করতে হবে।<br>ব্যবস্থাপনা পরিচালক নির্ধারিত সময়ের মধ্যে যাতে বেগমগঞ্জ-৪ কূপ খনন কাজ সম্পন্ন করার জন্য সকলকে আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ প্রদান করেন। | ক) প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার APA-এর অগ্রগতি বিষয়ক সভার আয়োজন করতে হবে।<br>খ) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে।<br>(গ) শিখন পদ্ধতি বাপেক্সে চালু করতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি |
| ১১ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করা আবশ্যক। তিনি পেট্রোবাংলা কর্তৃক সাম্প্রতিক সময়ে আয়োজিত অগ্নিমহড়ার বিষয়টি উল্লেখ করে বাপেক্সে একইধরণের অগ্নিমহড়া আয়োজন করা হয় কিনা জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক (সেবা) জানান যে, ইতোমধ্যে অগ্নিমহড়া আয়োজন বাবদ ফি ফায়ার সার্ভিসকে প্রদান করা হয়েছে এবং মে ২০২৪ এর মধ্যে অগ্নিমহড়া আয়োজন করা হবে বলে সভাকে অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত মহড়া আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | দ্রুত বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১২ | বাপেক্স ভবনে Central AC স্থাপন | উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব স. আ. ম. মেরাজুল আলম বলেন যে, তীব্র গরমের কারণে বাপেক্সের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ দৈনন্দিন দাপ্তরিক কাজ সম্পাদনে খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছে। তাই, বাপেক্স ভবনে Central AC স্থাপন করার বিষয়টি সুবিবেচনার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে উপমহাব্যবস্থাক (সংস্থাপন) প্রস্তাবটির সাথে একমত পোষণ করেন।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, কেন্দ্রীয়ভাবে AC স্থাপনের ক্ষেত্রে করণীয় সম্পর্কে অবহতির জন্য মহাব্যবস্থাপক (প্রকৌশল)-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে করে জানতে চান যে, অতীতে বাপেক্স ভবনে Central AC স্থাপন করার বিষয়ে কোন কমিটি গঠন বা উদ্যোগ নেওয়া হয়েছিল কিনা? মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, Central AC স্থাপন করার বিষয়ে অতীতে একটি কমিটির মাধ্যেমে উদ্যোগ নেওয়া হয়েছিল কিন্তু কিছূ জটিলতা থাকায় তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক Central AC স্থাপন করার বিষয়ে অতীতে কি উদ্যোগ গ্রহণ হয়েছিল এবং Central AC স্থাপন করার ক্ষেত্রে করণীয়সমূহ বিস্তারিতভাবে উল্লেখপূর্বক পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) Central AC স্থাপন করার বিষয়ে অতীতে কি উদ্যোগ করা হয়েছিল এবং Central AC স্থাপন করার ক্ষেত্রে করণীয়সমূহ বিস্তারিতভাবে উল্লেখপূর্বক পরবর্তী মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩ | বিবিধ: | ১। নতুন যোগদানকৃত সহকারী ড্রিলার, ট্রেইনি ড্রিলারদের খনন সংক্রান্ত আন্তর্জাতিক লাইসেন্স নেই তাঁদের লাইসেন্স এর বিষয়ে কোন অগ্রগতি আছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (খনন) জানান যে, ভারতের দেরাদুনে একাধিকবার যোগাযোগ করা হলেও কোন Response পাওয়া যায়নি। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) পূর্বের অভিজ্ঞতা উল্লেখ করে ভারতের দেরাদুন কর্তৃপক্ষের সাথে খনন সংক্রান্ত আন্তর্জাতিক লাইসেন্সের জন্য একটি চুক্তি করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন।<br><br>২। বাপেক্সের গুরুত্বপূর্ণ Data-গুলি Digitalized এবং Update আছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক, জিএন্ডজি এক্সপ্লোরেশন উপবিভাগ জানান যে, ২০১৪ সাল পর্যন্ত Data-গুলি Update রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক R & D বিভাগের সমস্ত Data-গুলি Digitalized এবং Update করার জন্য Bangladesh Computer Society (BCS) এর বিশেষজ্ঞদের পরামর্শক্রমে নিরাপদভাবে (Secure) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১) ভারতের দেরাদুন কর্তৃপক্ষের সাথে খনন সংক্রান্ত আন্তর্জাতিক লাইসেন্সের জন্য চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নতুন যোগদানকৃত সহকারি ড্রিলার, ট্রেইনি ড্রিলারদেরকে IWCF (International Well Control Forum) কোর্স সম্পন্ন করে লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br><br>২) বাপেক্সের গুরুত্বপূর্ণ Data-গুলি Digitalized এবং Update করার জন্য Bangladesh Computer Society (BCS) এর বিশেষজ্ঞদের পরামর্শক্রমে নিরাপদভাবে (Secure) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২) মহাব্যবস্থাপক (R & D)<br>৩) উপমহাব্যবস্থপক, জিএন্ডজি এক্সপ্লোরেশন উপবিভাগ |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৫/২০২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................................, বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................................, বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/প্রকল্প ব্যবস্থাপক........................................................,বাপেক্স।
৪) অফিস কপি।